আজকের কাগজ

তারিখ 17 NOV 1993
পৃষ্ঠা ৪ কলাম ৬

৪২

## মেধাবী ছাত্র–ছাত্রী বনাম বাংলাদেশ

সংবাদপত্র, টেলিভিশনের বদৌলতে আজকাল আমরা মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে রেজাল্ট পরবর্তী সময়ে তাদের মতামত জানার সুযোগ



পেয়ে থাকি। দেশের সবাই বুকে আশা নিয়ে বসে থাকে কবে তাঁড়া শিক্ষা জীবন সমাপ্তি করে কর্মে আত্মনিয়োগ করবে। তাদের উপর দেশের ভালমন্দ নির্ভর করবে। ভাল ফলাফলের অধিকারী ছাত্র-ছাত্রীরা দেশ সেবায়ও ভাল ফলাফল করবে এটা আশা করা স্বাভাবিক। কিন্তু অবস্থা দেখে মনে হয় কোথায় যেন একটু সমস্যা রয়ে গেছে। হয়তো আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা আমেরিকা, ব্রিটেন, সুইডেন, জার্মানী, ফ্রান্স-এর মতো সমমানের না তাই ভাল ছাত্র-ছাত্রীরা চলে যেতে চায় বিদেশে। আমরা আর কতদিন এভাবে আমাদের মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে সুযোগ থেকে বঞ্চিত করব। জোর করে কখনই ভাল ফলাফল আশা করা যায় না। তাই দেশের উন্নতির কথাই যদি চিন্তা করি তাহলে সর্বাগ্রে আমাদের দেশের উচ্চ শিক্ষালয়গুলোতে বিদেশের সমমানের সুযোগ সুবিধা নিশ্চিত করতে হবে। মেধাবী ছাত্রছাত্রী ছাড়া দেশের কোন প্রশাসনই ভালভাবে চলতে পারে না। আমরা দেশের সাধারণ মানুষ অনেক দুঃখ কষ্টে অনেক পথ পাড়ি দিয়েছি। এখন আমাদের দেশের নতুন প্রজন্মের মেধাবী ছাত্র-ছাত্রীরাই পারবে বিদেশী সাহায্য না নিয়েও কি করে নিজেদের সমস্যা নিজেরা সমাধান করা যায়। কারণ এদেশ আমাদের সকলের।

প্রভাষ চন্দ্র সরকার
মেঘনা সী ফুডস লিঃ
কক্সবাজার